

পঁচিশে বৈশাখ
কল্যাণ চট্টোপাধ্যায়

রৌদ্রদহন রৌদ্রদহন
উপেক্ষিত হয়
সুরের ডালি কথার ঝুড়ি
সমস্ত ঘরময়

পাঠশালা আর ক্লাবকক্ষ
ধূপ-ধুনোতে ভারী
নৃত্যনাট্য নাট্যকাব্য
নাটক ছড়াছড়ি

বকুলমালা বকুলমালা বকুল
ফুল কুড়ানোর ডাক
তোর বুঝি হঁশ নেই আজ
পঁচিশে বৈশাখ

মুক্তি

প্রেম যা মাধ্যাকর্ষণ পথ
প্রেম যা পর্বত শিখর

ভাঙা হোক চোরা হোক
কাঁটা হোক লতা হোক
সব কিছু তুচ্ছ ক'রে পা
জোয়ারের দিকে

প্রেম যা মাধ্যাকর্ষণ পথ
যে পথে মানুষের
ক্রম মুক্তি হবে